



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/ ৫২০০

তারিখ: ২৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

ভেটী সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: আবাদপুকুর, উপজেলা: রাণীনগর, জেলা: নওগাঁ-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৮.০৪.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রি. থেকে ৩০.০৬.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

- ১। প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ২। শ্রেণিকক্ষে কোন গাইড, নোটবই রাখা যাবে না এবং শিক্ষকদের মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৩। শিক্ষার্থীদের জন্য বাংলা ভাষার পাশাপাশি আরবি ভাষা শিক্ষার বিশেষ ক্লাসের ব্যবস্থা করতে হবে।
- ৪। প্রতিষ্ঠানের সকল আয় ব্যয়ের হিসাব যথাসময়ে মূল রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে এবং হিসাব রক্ষককে প্রশিক্ষণ দিতে হবে।
- ৫। শিক্ষক ও শিক্ষার্থীদের আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিষয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
- ৬। মাদরাসার পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের আরো সচেতন হতে হবে।
- ৭। পরীক্ষার ফলাফল আরো ভালো করতে হবে।
- ৮। লাইব্রেরীতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করে নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৯। শ্রেণিকক্ষে পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থাসহ ছাত্রীদের জন্য পৃথক কমনরুম ও টয়লেটের ব্যবস্থা করতে হবে।
- ১০। সরকার গৃহীত সকল কার্যক্রম সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের ধারণা থাকতে হবে।
- ১১। মাদরাসার সাইবোর্ডে আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
- ১২। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


12.02.2020
(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

ভেটী সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা


ডাকঘর: আবাদপুকুর, উপজেলা: রাণীনগর, জেলা: নওগাঁ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/ ৫২০০

তারিখ: ২৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, ভেটী সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: আবাদপুকুর, উপজেলা: রাণীনগর, জেলা: নওগাঁ।
- ৭। অফিস নথি।


12.02.2020

(মুহাম্মদ মাহফিজুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৬৩৩-১৩৮২৭৩

অধি/নবায়ন/ফাইল নং- রাজশাহী-১৭৫